

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২, খিলজী রোড
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং: এসডিএফ/এমডি-০৫/২০২৩/১২১১

তারিখ: ১৩/০৪/২০২৩


অফিস আদেশ

বিষয়: এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের চাকরি শেষে পাওনা প্রদান সহজীকরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসডিএফ এর কর্মকর্তা ও কর্মচারীগণ চাকরি হতে অবসর গ্রহণ, সংস্থা কর্তৃক চাকরি হতে অব্যাহতি প্রদান/অপসারণ ও চাকরি হতে পদত্যাগের পর তাদের পাওনাদি পরিশোধের বিষয়টি সহজীকরণের জন্য ইতোমধ্যে কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে সময় সাশ্রয় হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীগণ তাঁদের স্ব স্ব ব্যাংক একাউন্টে নিজ এলাকায় অবস্থান করে পাওনাদি গ্রহণ করতে সক্ষম হবেন। উল্লেখ্য, উক্ত সেবাটি এটুআই (a2i) কর্তৃক উদ্ভাবিত সেবা সহজীকরণের আওতায় করা হয়েছে যা নিম্নোক্ত ধাপ ও সময়সীমা মোতাবেক সম্পন্ন করা হবে-

ধাপ	সময়সীমা (কর্মদিবস)
ধাপ-১: কর্মকর্তা-কর্মচারী কর্তৃক সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিলের নিমিত্ত জমাকরণ	১ দিন
ধাপ-২: সংশ্লিষ্ট সুপারভাইজার কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ আবেদনপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	৭-১০ দিন
ধাপ-৩: জেলা/আঞ্চলিক অফিস কর্তৃক সুপারিশসহ ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ	৫-৬ দিন
ধাপ-৪: ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক এইচআর সেকশনে প্রেরণ	১ দিন
ধাপ-৫: এইচআর সেকশন কর্তৃক মতামত ও সুপারিশসহ এসডিএফ অর্থ বিভাগে প্রেরণ	৫-৬ দিন
ধাপ-৬: এসডিএফ অর্থ বিভাগ কর্তৃক পাওনা বিবরণী তৈরি	৫-৬ দিন
ধাপ-৭: এসডিএফ অর্থ বিভাগ কর্তৃক ট্রাস্টি বোর্ডে উপস্থাপন ও অনুমোদন	৩-৫ দিন
ধাপ-৮: সংশ্লিষ্ট কর্মীর ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ	২-৩ দিন
মোট:	২৯-৩৮ দিন

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(এ. জেড. এম. সাখাওয়াত হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি:

- ১) আবেদনপত্র
- ২) অঙ্গীকারনামা
- ৩) ছাড়পত্র

বিতরণ:

- ১) এসডিএফ এর সকল কর্মকর্তা-কর্মচারিবৃন্দ।
- ২) অফিস কপি।